

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১৮

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن نُبَيْشَة

عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ أَكَلَ فِي قَصَعْةٍ فَلَحَسَهَا اسْتَغْفَرَتْ لَهُ الْقَصَعْةُ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ غَريب

বাংলা

8২১৮-[৬০] নুবায়শাহ্ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি পেয়ালাতে খায় এবং পরে তা চেটে নেয়, পাত্রটি তার জন্য মাগফিরাত কামনা করে। (আহমাদ, তিরমিযী, ইবনু মাজাহ ও দারিমী। আর তিরমিযী বলেছেনঃ হাদীসটি গরীব।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তাহকীক মুসনাদে আহমাদ ২০৭৪৩, তিরমিয়ী ১৮০৪, ইবনু মাজাহ ৩২৭১, দারিমী ২০২৭, য'ঈফ আল জামি'উস্ সগীর ৫৪৭৮, য'ঈফ ইবনু মাজাহ ৭০৩।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো এর সনদে আছে ''মু'আল্লা ইবনু রশীদ'' নামের একজন অপরিচিত রাবী। বিস্তারিত দেখুন- তাহকীক মুসনাদে আহমাদ ২০৭৪৩, য'ঈফুল জামি' ৫৪৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এখানে উদ্দেশ্য হলো আল্লাহ তা'আলা বান্দাকে যে রিজিক ও নি'আমাত দান করেছেন তার প্রতি সম্মান ও বিনয় প্রদর্শনের নিমিত্তে পাত্রের তলা চেটে খাওয়া এবং খাবার নষ্ট করা থেকে বেঁচে থাকা। 'আল্লামা মুল্লা আল



কারী (রহিমাহুল্লাহ) বলেন, যেহেতু পাওয়া যাবে পাত্র চেটে যাওয়ার কারণে তাই বলা হয়েছে, পাত্রটাই যেন তার জন্য ক্ষমা প্রার্থনা করছে। সে ক্ষেত্রে এটার হাকাঞ্চিহ অর্থ গ্রহণে কোন বাধা নেই।

'আল্লামা তূরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেনঃ পাত্র তার জন্য ক্ষমা প্রার্থনা করে, এ ইবারত দ্বারা উদ্দেশ্য হলো যে ব্যক্তি পাত্রে খাদ্য খায় এবং অহংকার হতে মুক্ত থাকে তার জন্য ক্ষমা আবশ্যক হয়ে যায়। অতএব এটাকে পাত্রের দিকে সম্পৃক্ত করা হয়েছে। কেননা ওটাই তো ক্ষমা পাওয়ার কারণ। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮০৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নুবায়শাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন